

## প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী শুরু ১৭ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক •

প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আগামী ১৭ নভেম্বর থেকে। শেষ হবে ২৪ নভেম্বর। প্রতিদিন সকাল সাড়ে ১০টায় শুরু হয়ে পরীক্ষা শেষ হবে দুপুর ১টায়। গতকাল পরীক্ষার এ সময়সূচি প্রকাশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

প্রাথমিক শিক্ষা সমাপনী : ১৭ নভেম্বর রবিবার ইংরেজি, ১৮ নভেম্বর সোমবার বাংলা, ১৯ নভেম্বর মঙ্গলবার বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২০ নভেম্বর বুধবার প্রাথমিক বিজ্ঞান, ২১ নভেম্বর বৃহস্পতিবার ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৪ নভেম্বর রবিবার গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবতেদায়ি শিক্ষা সমাপনী : ১৭ নভেম্বর রবিবার ইংরেজি, ১৮ নভেম্বর সোমবার বাংলা, ১৯ নভেম্বর মঙ্গলবার বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২০ নভেম্বর বুধবার আরবি, ২১ নভেম্বর বৃহস্পতিবার কোরআন মজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ এবং ২৪ নভেম্বর রবিবার গণিত ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৮

f শেয়ার

পরের অংশ